গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২২

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বস্ত্র ও পাট মন্ত্রণালয় দেশে বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ তথা শিল্পায়ন, পণ্যের বহুমুখীকরণের মাধ্যমে বাজার সম্প্রসারণ, দক্ষ মানবসম্পদ সৃষ্টি, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি সর্বোপরি রপ্তানি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। জাতীয় রপ্তানিতে পাট ও পাটজাত পণ্য ধারাবাহিকভাবে ২য় অবস্থানে রয়েছে । পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়ন হওয়ায় পাটপণ্যের অভ্যন্তরীন চাহিদা বৃদ্ধি পেয়েছে। বর্তমানে ৯৯ কোটি পাটের ব্যাগ ব্যবহার করা হচ্ছে । কৃষকগণ পাটের ন্যায্য মূল্য পাওয়ায় পাটের উৎপাদন বৃদ্ধি পেয়েছে । পাটনীতি ২০১৮ ও পাট আইন ২০১৭ প্রণয়ন করা হয়েছে। ৬ মার্চ ২০২০ চতুর্থ বারের মত জাতীয় পাট দিবস উদযাপিত হয়েছে । পাটশিল্পের সামগ্রীক বিষয়ে উৎকর্ষতা ও সাফল্যের জন্য সংশ্লিষ্ট ১১টি ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হয়েছে। বিটিএমসি'র ২টি মিল পিপিপি'র মাধ্যমে চালুকরণের লক্ষ্যে চুড়ান্ত চুক্তি স্বাক্ষর এবং জমি উন্নয়নের জন্য হস্তান্তর করা হয়েছে। বস্ত্র আইন ২০১৮ প্রণীত হয়েছে। ৬ ডিসেম্বর ২০১৯ প্রথম বারের মত জাতীয় বস্ত্র দিবস উদযাপিত হয়েছে। বস্ত্রশিল্পের সামগ্রীক বিষয়ে উৎকর্ষতা ও সাফল্যের জন্য সংশ্লিষ্ট ১০টি প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করা হয়েছে। বস্ত্র পরিদপ্তর-কে অধিদপ্তরে উন্নীত করা হয়েছে। বস্ত্র খাতে ১১১০০ জন শিক্ষার্থীকে কারিগরি শিক্ষা প্রদান করা হয়েছে। মসলিনের প্রযুক্তি পুনরুদ্ধারের লক্ষ্যে ১টি তুলার জাত সনাক্তকরণ হয়েছে। দীর্ঘ ১৬ বছর বন্ধ থাকার পর রাজশাহী রেশম কারখানার ১৯টি লুম চালুর মাধ্যমে রেশম বস্ত্র উৎপাদন শুরু হয়েছে। জেডিপিসির সহায়তায় বহুমূখী পাটপণ্য উৎপাদনকারী ৭১৮ জন উদ্যোক্তা কর্তৃক ২৮১ ধরনের বহুমূখী পাটপণ্য উৎপাদন করা হচ্ছে। কোভিড -১৯ মহামারীকালে ত্রাণ সামগ্রী বিতরণে সহায়তার লক্ষ্যে পাটের ব্যাগ সরবরাহ করা হয়েছে ।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সরকারি পাটকলগুলো লাভজনক করা , বিটিএমসি’র মিলসমূহ চালুকরণ, বস্ত্র আইন, ২০১৮ এর বাস্তবায়ন এবং এর আলোকে বস্ত্র খাতে তদারকি কাঠামো প্রতিষ্ঠা , বস্ত্র ও পাট খাতে আন্তর্জাতিক বাজারের সাথে সংগতি রেখে দক্ষ ব্যবস্থাপক ও কর্মী তৈরি ,তাঁত শিল্পীদের নিজস্ব পেশায় টিকিয়ে রাখা এবং বস্ত্র ও পাট খাতে এসডিজি’র লক্ষ্যমাত্রা অর্জনে বেসরকারি খাতকে অধিকতর কার্যকরভাবে সম্পৃক্ত করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারি পাটকলগুলো দ্রুত চালু করা , বিটিএমসি’র মিলসমূহকে পিপিপি এর আওতায় দ্রুত চালুকরণ, বস্ত্র ও পাট খাতে দক্ষ কর্মী ও ব্যবস্থাপক সৃষ্টির জন্য উপযুক্ত প্রশিক্ষণ ও শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন। বস্ত্র, পাট, তাঁত ও রেশম খাতে গবেষণার জন্য একটি প্রতিষ্ঠান এবং বস্ত্র ও পাট সংক্রান্ত জাদুঘর স্থাপন। পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা । বস্ত্র, পাট, তাঁত ও রেশম খাতে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান ও স্টেক হোল্ডারদের সাথে কার্যকর যোগাযোগ ও সমন্বয় সাধন, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থার সেবা অনলাইনে প্রদান করা। বস্ত্র ও পাট খাতের তথ্য সংরক্ষণের জন্য ডাটাবেজ স্থাপন। ভূমি ব্যবহার নীতিমালা প্রস্তুতকরণ । বাংলাদেশ তাঁত বোর্ডের আওতায় ই-লোন ম্যানেজম্যান্ট চালুকরণ । ক্ষতিগ্রস্থ তাঁতীদের সহায়তা করা । উন্নতমানের রেশম সুতা এবং পণ্য উৎপাদন। টিভিআই এর জন্য চাহিদা ভিত্তিক পাঠ্যসূচি প্রণয়নে সুপারিশ প্রদান ।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ০১-০৬-২০২১ মধ্যে বস্ত্র আইন ২০১৮ এর বিধিমালা প্রণয়ন ;
- ১৫-০৬-২০২১ মধ্যে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, টেক্সটাইল ডিপ্লোমা ইনস্টিটিউট ও টেক্সটাইল কলেজ এর জন্য Prototype/ নকশা প্রস্তুত করণ ;
- পিপিপি’র আওতায় বিটিএমসি’র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে টেন্ডার আহবান করা ;
- রোগ মুক্ত ৪.০০ লক্ষ তুঁত চারা উৎপাদন ও বিতরণ ;
- ১০৩০ জন তাঁতীদের মাঝে ঋণ বিতরণ ;
- পাট , রেশম ও তাঁত খাত সংশ্লিষ্ট ২৬০০০ জনকে প্রশিক্ষণ প্রদান ;
- বহুমুখী পাট পণ্যের বাজার সম্প্রসারণে ২টি মেলা আয়োজন ।

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বস্ত্র ও পাট মন্ত্রণালয় দেশে বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ তথা শিল্পায়ন, পণ্যের বহুমুখীকরণের মাধ্যমে বাজার সম্প্রসারণ, দক্ষ মানবসম্পদ সৃষ্টি, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি সর্বোপরি রপ্তানি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। জাতীয় রপ্তানিতে পাট ও পাটজাত পণ্য ধারাবাহিকভাবে ২য় অবস্থানে রয়েছে । পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়ন হওয়ায় পাটপণ্যের অভ্যন্তরীন চাহিদা বৃদ্ধি পেয়েছে। বর্তমানে ৯৯ কোটি পাটের ব্যাগ ব্যবহার করা হচ্ছে । কৃষকগণ পাটের ন্যায্য মূল্য পাওয়ায় পাটের উৎপাদন বৃদ্ধি পেয়েছে । পাটনীতি ২০১৮ ও পাট আইন ২০১৭ প্রণয়ন করা হয়েছে। ৬ মার্চ ২০২০ চতুর্থ বারের মত জাতীয় পাট দিবস উদযাপিত হয়েছে । পাটশিল্পের সামগ্রীক বিষয়ে উৎকর্ষতা ও সাফল্যের জন্য সংশ্লিষ্ট ১১টি ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হয়েছে। বিটিএমসি'র ২টি মিল পিপিপি'র মাধ্যমে চালুকরণের লক্ষ্যে চুড়ান্ত চুক্তি স্বাক্ষর এবং জমি উন্নয়নের জন্য হস্তান্তর করা হয়েছে। বস্ত্র আইন ২০১৮ প্রণীত হয়েছে। ৬ ডিসেম্বর ২০১৯ প্রথম বারের মত জাতীয় বস্ত্র দিবস উদযাপিত হয়েছে। বস্ত্রশিল্পের সামগ্রীক বিষয়ে উৎকর্ষতা ও সাফল্যের জন্য সংশ্লিষ্ট ১০টি প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করা হয়েছে। বস্ত্র পরিদপ্তর-কে অধিদপ্তরে উন্নীত করা হয়েছে। বস্ত্র খাতে ১১১০০ জন শিক্ষার্থীকে কারিগরি শিক্ষা প্রদান করা হয়েছে। মসলিনের প্রযুক্তি পুনরুদ্ধারের লক্ষ্যে ১টি তুলার জাত সনাক্তকরণ হয়েছে। দীর্ঘ ১৬ বছর বন্ধ থাকার পর রাজশাহী রেশম কারখানার ১৯টি লুম চালুর মাধ্যমে রেশম বস্ত্র উৎপাদন শুরু হয়েছে। জেডিপিসির সহায়তায় বহুমূখী পাটপণ্য উৎপাদনকারী ৭১৮ জন উদ্যোক্তা কর্তৃক ২৮১ ধরনের বহুমূখী পাটপণ্য উৎপাদন করা হচ্ছে। কোভিড -১৯ মহামারীকালে ত্রাণ সামগ্রী বিতরণে সহায়তার লক্ষ্যে পাটের ব্যাগ সরবরাহ করা হয়েছে ।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সরকারি পাটকলগুলো লাভজনক করা , বিটিএমসি'র মিলসমূহ চালুকরণ, বস্ত্র আইন, ২০১৮ এর বাস্তবায়ন এবং এর আলোকে বস্ত্র খাতে তদারকি কাঠামো প্রতিষ্ঠা , বস্ত্র ও পাট খাতে আন্তর্জাতিক বাজারের সাথে সংগতি রেখে দক্ষ ব্যবস্থাপক ও কর্মী তৈরি ,তাঁত শিল্পীদের নিজস্ব পেশায় টিকিয়ে রাখা এবং বস্ত্র ও পাট খাতে এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে বেসরকারি খাতকে অধিকতর কার্যকরভাবে সম্পৃক্ত করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারি পাটকলগুলো দ্রুত চালু করা , বিটিএমসি'র মিলসমূহকে পিপিপি এর আওতায় দ্রুত চালুকরণ, বস্ত্র ও পাট খাতে দক্ষ কর্মী ও ব্যবস্থাপক সৃষ্টির জন্য উপযুক্ত প্রশিক্ষণ ও শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন। বস্ত্র, পাট, তাঁত ও রেশম খাতে গবেষণার জন্য একটি প্রতিষ্ঠান এবং বস্ত্র ও পাট সংক্রান্ত জাদুঘর স্থাপন। পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা । বস্ত্র, পাট, তাঁত ও রেশম খাতে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান ও স্টেক হোল্ডারদের সাথে কার্যকর যোগাযোগ ও সমন্বয় সাধন, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থার সেবা অনলাইনে প্রদান করা। বস্ত্র ও পাট খাতের তথ্য সংরক্ষণের জন্য ডাটাবেজ স্থাপন। ভূমি ব্যবহার নীতিমালা প্রস্তুতকরণ । বাংলাদেশ তাঁত বোর্ডের আওতায় ই-লোন ম্যানেজম্যান্ট চালুকরণ । ক্ষতিগ্রস্থ তাঁতীদের সহায়তা করা । উন্নতমানের রেশম সুতা এবং পণ্য উৎপাদন। টিভিআই এর জন্য চাহিদা ভিত্তিক পাঠ্যসূচি প্রণয়নে সুপারিশ প্রদান ।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ০১-০৬-২০২১ মধ্যে বস্ত্র আইন ২০১৮ এর বিধিমালা প্রণয়ন ;
- ১৫-০৬-২০২১ মধ্যে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, টেক্সটাইল ডিপ্লোমা ইনস্টিটিউট ও টেক্সটাইল কলেজ এর জন্য Prototype/ নকশা প্রস্তুত করণ ;
- পিপিপি'র আওতায় বিটিএমসি'র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে টেন্ডার আহবান করা ;
- রোগ মুক্ত ৪.০০ লক্ষ তুঁত চারা উৎপাদন ও বিতরণ ;
- ১০৩০ জন তাঁতীদের মাঝে ঋণ বিতরণ ;
- পাট , রেশম ও তাঁত খাত সংশ্লিষ্ট ২৬০০০ জনকে প্রশিক্ষণ প্রদান ;
- বহুমুখী পাট পণ্যের বাজার সম্প্রসারণে ২টি মেলা আয়োজন ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২০ সালের সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

প্রতিযোগিতাসক্ষম শক্তিশালী বস্ত্র ও পাট খাত।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

কার্যকরী নীতিমালা প্রণয়ন, বস্ত্র ও পাট পণ্যের বহুমুখীকরণ, দক্ষ মানব সম্পদ সৃষ্টি এবং এ খাতের স্টেকহোল্ডারদের মধ্যে শক্তিশালী অংশীদারিত্ব সৃষ্টির মাধ্যমে বস্ত্র ও পাট খাতের উন্নয়ন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বস্ত্র ও পাট পণ্যের বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণ;
২. মানবসম্পদ উন্নয়ন;
৩. বস্ত্র ও পাট ব্যবসায় সহযোগিতা প্রদান;
৪. প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক গবেষণা জোরদারকরণ;
৫. বস্ত্র ও পাট খাতে উন্নয়ন ও আইনি কাঠামো শক্তিশালীকরণ ;

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বস্ত্র ও পাট খাত সংক্রান্ত নীতি, পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন;
২. রাষ্ট্রীয় মালিকানাধীন বস্ত্র ও পাট শিল্প ব্যবস্থাপনা;
৩. বস্ত্র ও পাট পণ্যের স্থানীয় ও বৈদেশিক বাজারজাতকরণ সংশ্লিষ্ট সামগ্রিক সমন্বয়;
৪. বস্ত্র ও পাট শিল্প উন্নয়ন ও সম্প্রসারণে বেসরকারি খাতকে সহায়তা প্রদান;
৫. উন্নত ও মানসম্পন্ন বস্ত্র ও পাট পণ্যের উৎপাদন নিশ্চিত করার নিমিত্ত এ খাতে উপযুক্ত নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং সনদ/লাইসেন্স প্রদান এবং বস্ত্র, তাঁত, রেশম ও পাট খাতে দক্ষ জনবল সৃষ্টি;
৬. দেশের ও আন্তর্জাতিক বাজারের চাহিদা মাফিক বহুমুখী পাট পণ্য উদ্ভাবন, উৎপাদন ও উন্নয়নে যথাযথ কারিগরি ও বাজার গবেষণা;
৭. বস্ত্র ও পাট শিল্পে বিদেশী বিনিয়োগ আকর্ষণ এবং বস্ত্র শিল্পে বিদেশীদের নিয়োগ সংক্রান্ত বিষয় এবং
৮. বস্ত্র ও পাট খাত নিয়ে গবেষণা।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| বস্ত্র ও পাট পণ্যের উৎপাদন , অভ্যন্তরীণ ব্যবহার ও জাতীয় রপ্তানিতে অবদান । | পাটপণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধি | শতকরা হার | ৭৪ | ৭৫ | ৭৬ | ৭৬.৫ | ৭৭ | কৃষি মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয় , শিল্প মন্ত্রণালয় , পানি সম্পদ মন্ত্রণালয় ,প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সড়ক ও মহাসড়ক বিভাগ ও পাট অধিদপ্তর । | পাট অধিদপ্তর , বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো । |
| | পাটজাত পণ্যের রপ্তানি প্রবৃদ্ধি | শতকরা হার | ৬.৫৬ | ৬.৬০ | ৭ | ৭.১০ | ৭.২০ | পাট অধিদপ্তর , জেডিপিসি | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো , রপ্তানি উন্নয়ন ব্যুরো , বাংলাদেশ ব্যাংক। |
| | জাতীয় রপ্তানিতে তাঁত খাতের অংশ | শতকরা হার | ২.৪৭ | ২.৫০ | ২.৫২ | ২.৫৫ | ২.৬ | বাংলাদেশ তাঁত বোর্ড, রপ্তানি উন্নয়ন ব্যুরো । | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো , রপ্তানি উন্নয়ন ব্যুরো , বাংলাদেশ ব্যাংক। |
| | রেশম সুতা উৎপাদন বৃদ্ধি | শতকরা | ২০ | ২০ | ২১ | ২১.০৫ | ২১.১০ | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড। |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] বস্ত্র ও পাট পণ্যের বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণ; | ২৭ | [১.১] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন | [১.১.১] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রম তদারকির জন্য আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | গড় | শতকরা | ২ | | ৯০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | ৯২ | ৯৩ |
| | | | [১.১.২] পরিচালিত মোবাইল কোর্ট | সমষ্টি | সংখ্যা | ২ | ৫৫০ | ১২০০ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | | ৭০০ | ৭২০ |
| | | | [১.১.৩] সম্পাদিত পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | | ৪ | ২ | ১ | | | | ৪ | ৪ |
| | | [১.২] বহুমুখী পাট পণ্যের বাজার সম্প্রসারণে মেলা আয়োজন/অংশগ্রহণ | [১.২.১] আয়োজিত মেলা | সমষ্টি | সংখ্যা | ২ | ৩ | ৪ | ২ | ১ | | | | ৪ | ৪ |
| | | | [১.২.২] অংশগ্রহণকৃত মেলা | সমষ্টি | সংখ্যা | ২ | ৩ | ৪ | ২ | ১ | | | | ৪ | ৫ |
| | | [১.৩] রোগ মুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ | [১.৩.১] উৎপাদিত ও বিতরণকৃত রোগ মুক্ত রেশম ডিম | সমষ্টি | লক্ষ | ১ | ৩.৪ | ৩.৪৫ | ২.৭ | ২.৬০ | ২.৫০ | ২.৪০ | | ৩.২ | ৩.৩ |
| | | [১.৪] তুঁত চারা উৎপাদন ও বিতরণ | [১.৪.১] উৎপাদিত তুঁত চারা | সমষ্টি | লক্ষ | ১ | ২.১৫ | ৫.৮৫ | ৪.০০ | ৩.৮ | ৩.৬ | ৩.৪ | | ৫.০ | ৫.৫ |
| | | [১.৫] রোগমুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ কার্যক্রমের বাস্তবায়নরত প্রকল্পসমূহ মনিটরিং এর উদেশ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.৫.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার | গড় | শতকরা | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | ৯০ | ৯২ |
| | | [১.৬] পিপিপি'র আওতায় বিটিএমসি'র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া বিট ডকুমেন্টস টেন্ডার আহবানের জন্য চুড়ান্তকরণ | [১.৬.১] বিটিএমসি কর্তৃক খসড়া বিট ডকুমেন্ট পরীক্ষা-নিরীক্ষা করা এবং প্রয়োজনীয় ইনপুট প্রদান করা | তারিখ | তারিখ | ১ | | | ২৮.০১.২১ | ২৪.০২.২১ | ২৪.০৩.২১ | | | | |
| | | | [১.৬.২] বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং পিপিপি কর্তৃপক্ষের মতামত গ্রহণ | তারিখ | তারিখ | ১ | | | ০৩.০৪.২১ | ২৫.০৪.২১ | ২৬.০৫.২১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | | [১.৬.৩] টেন্ডার আহবান করা | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৬.২১ | | | | | | |
| | | [১.৭] তাঁতীদের মাঝে ঋণ বিতরণ কার্যক্রম | [১.৭.১] ঋণপ্রাপ্ত সুবিধাভোগী পুরুষ তাঁতী | সমষ্টি | সংখ্যা | ২ | | ৮৫০ | ৮৫০ | ৮৩০ | ৮০০ | ৭৭০ | | ৮০০ | ৮৫০ |
| | | | [১.৭.২] ঋণপ্রাপ্ত প্রান্তিক মহিলা তাঁতী | সমষ্টি | সংখ্যা | ২ | | ২০০ | ১৮০ | ১৬০ | ১৫০ | | | ১৮০ | ২০০ |
| | | | [১.৭.৩] সম্পাদিত পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | | ৩ | ২ | ১ | | | | ৪ | ৪ |
| | | [১.৮] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ কার্যক্রম। | [১.৮.১] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ | সমষ্টি | মে: টন | ২ | ১১৭ | ৩৮০ | ৪০০ | ৩৯০ | ৩৮০ | | | ৪২০ | ৪৫০ |
| | | | [১.৮.২] সম্পাদিত পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | | ২ | ২ | ১ | | | | ৪ | ৪ |
| | | [১.৯] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ নির্ধারিত সময়ে সরবরাহ নিশ্চিতকরণে প্রতিবেদন সংগ্রহ। | [১.৯.১] সরবরাহ নিশ্চিতকরণে সংগ্রহকৃত প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.১০] তাঁত বোর্ডের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করা লক্ষ্যে বোর্ড সভা তদারকি করা নিমিত্ত ফিডব্যাক প্রদান। | [১.১০.১] প্রেরিত ফিডব্যাক | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| [২] মানবসম্পদ উন্নয়ন; | ১৫ | [২.১] কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) প্রদান | [২.১.১] উত্তীর্ণ শিক্ষার্থী | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩২০০ | ৩৫০০ | ৩৮০০ | ৩৭০০ | ৩৬৫০ | ৩৬০০ | | ৩৯০০ | ৪০০০ |
| | | [২.২] রেশম ও তাঁত খাত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি | সমষ্টি | সংখ্যা | ৩ | ৮০০ | ৮৫০ | ৭০০ | ৬৮০ | ৬৫০ | ৬০০ | | ৮০০ | ৮৫০ |
| | | [২.৩] পাট চাষ বৃদ্ধির লক্ষ্য চাষী প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাট চাষী | সমষ্টি | সংখ্যা | ৩ | ২০০০০ | ২৪৫০০ | ২৫০০০ | ২৪৮০০ | ২৪৫০০ | | | ২৫৫০০ | ২৬০০০ |
| | | [২.৪] প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন | [২.৪.১] সম্পাদিত পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৩ | | ৩ | ২ | ১ | | | | ৪ | ৪ |
| | | [২.৫] বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | [২.৫.১] প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা (জন) | ৩ | | | ২০০ | ১৭০ | ১৫০ | | | ২২০ | ২৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] বস্ত্র ও পাট ব্যবসায় সহযোগিতা প্রদান; | ১৩ | [৩.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান আবেদন নিস্পত্তি | [৩.১.১] নিস্পত্তিকৃত আবেদন | গড় | শতকরা হার | ৩ | | ৯৫ | ৯০ | ৮০ | ৭০ | | | ৯৬ | ৯৬ |
| | | [৩.২] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তি | [৩.২.১] নিস্পত্তিকৃত আবেদন | গড় | শতকরা হার | ৩ | | ৯২ | ৯০ | ৮০ | ৭০ | | | ৯৬ | ৯৬ |
| | | [৩.৩] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তি ফলোআপ করণ। | [৩.৩.১] প্রেরিত ফিডব্যাক | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [৩.৪] বয়নোত্তর সেবার মাধ্যমে তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | [৩.৪.১] উৎপাদনে সহায়তাকৃত তাঁত বস্ত্রের পরিমাণ | সমষ্টি | কোটি মিটার | ৩ | ৩.৯ | ৩.৬৮ | ২.৫ | ২.৩ | ২.০ | ১.৮ | | ৩.৫ | ৩.৬ |
| | | [৩.৫] বস্ত্র শিল্প কারখানা (বায়িং হাউজ ও ইটিপিসহ) এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন | [৩.৫.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ২ | ৬২২ | ৬৫০ | ৩৫০ | ৩২৫ | ৩০০ | ২৭৫ | | ৪০০ | ৪২০ |
| [৪] প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক গবেষণা জোরদারকরণ; | ১০ | [৪.১] মসলিনের প্রযুক্তি পুনরুদ্ধারের লক্ষ্যে জি আই গ্রহণে মসলিন কাপড়ের নমুনা দাখিল | [৪.১.১] দাখিলকৃত মসলিন কাপড়ের নমুনা | তারিখ | তারিখ | ২ | | | ০১.০৬.২১ | ১৫.০৬.২১ | ৩০.০৬.২১ | | | | |
| | | [৪.২] বহুমুখী পাট পণ্যে প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক বিষয়ক ওয়ার্কশপ/কর্মশালা আয়োজন | [৪.২.১] আয়োজনকৃত ওয়ার্কশপ/কর্মশালা | তারিখ | তারিখ | ২ | | | ৩০.০৫.২১ | ০১.০৬.২১ | ২৩.০৬.২১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| | | [৪.৩] টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট , টেক্সটাইল ডিপ্লোমা ইনস্টিটিউট ও টেক্সটাইল কলেজ এর জন্য Prototype/ নকশা প্রস্তুত করণ । | [৪.৩.১] প্রস্তুতকৃত Prototype/ নকশা | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০৬.২১ | ২০.০৬.২১ | ২৭.০৬.২১ | | | | |
| | | [৪.৪] গবেষণাগারে ১০০ রোগমুক্ত ডিমে রেশমগুটির উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ। | [৪.৪.১] উৎপাদনশীলতা বৃদ্ধিকৃত (বর্তমান ৭০ হতে ৭৫) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ৭৫ | ৭৪ | ৭৩ | ৭২ | ৭১ | ৭৬ | ৭৬ |
| | | [৪.৫] তুঁত জাত উদ্ভাবন | [৪.৫.১] উদ্ভাবিত তুঁতজাত | সমষ্টি | সংখ্যা | ১ | | ১ | ১ | | | | | ১ | ১ |
| | | [৪.৬] রেশমকীট জাত উদ্ভাবন | [৪.৬.১] উদ্ভাবিত রেশমকীট জাত | সমষ্টি | সংখ্যা | ১ | | ১ | ১ | | | | | ১ | ১ |
| [৫] বস্ত্র ও পাট খাতে উন্নয়ন ও আইনি কাঠামো শক্তিশালীকরণ ; | ১০ | [৫.১] বস্ত্র আইন, ২০১৮ এর চুড়ান্ত বিধিমালা প্রণয়ন | [৫.১.১] প্রণীত চুড়ান্ত বিধিমালা | তারিখ | তারিখ | ৩ | | | ০১.০৬.২১ | ১৫.০৬.২১ | ৩০.০৬.২১ | | | | |
| | | [৫.২] পাট আইন, ২০১৭ এর চুড়ান্ত বিধিমালা প্রণয়ন | [৫.২.১] প্রণীত চুড়ান্ত বিধিমালা | তারিখ | তারিখ | ৩ | | | ১৫.০৬.২১ | ২২.০৬.২১ | ৩০.০৬.২১ | | | | |
| | | [৫.৩] পাট ও বস্ত্র খাত উন্নয়ন ও সম্প্রসারণে সভা/সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন | [৫.৩.১] আয়োজিত সভা/সেমিনার/ ওয়ার্কশপ | তারিখ | তারিখ | ২ | | | ২৯.০৪.২১ | ২৭.০৫.২১ | ২২.০৬.২১ | | | | |
| | | | [৫.৩.২] আয়োজিত পিপিপি বিষয়ক সভা/সেমিনার/ ওয়ার্কশপ | সমষ্টি | সংখ্যা | ২ | | ১ | ১ | | | | | ১ | ১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.১.২] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | গড় | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ১ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ২ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৭.০৭.২০২০

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

তারিখ

২৭.০৭.২০২০

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিটিএমসি | বাংলাদেশ টেক্সটাইল মিলস্ কর্পোরেশন |
| ২ | বিজেএমসি | বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশন |
| ৩ | বিএসডিবি | বাংলাদেশ সেরিকালচার ডেভেলপমেন্ট বোর্ড |
| ৪ | জেডিপিসি | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার |
| ৫ | এমটিবিএফ | মিডিয়াম টার্ম বাজেটারি ফ্রেমওয়ার্ক |
| ৬ | পোষক কর্তৃপক্ষ | বস্ত্র শিল্প সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য স্পনসরিং কর্তৃপক্ষ |
| ৭ | টিভিআই | টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট , বস্ত্র অধিদপ্তরের অধীন ৪২টি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট রয়েছে। |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন | [১.১.১] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রম তদারকির জন্য আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | মোবাইল কোর্ট ও পরিদর্শন তদারকির উদেশ্য আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। পাট অধিদপ্তর কর্তৃক সভা আয়োজন , লিফলেট বিতরণ। | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | সভার নোটিশ , কার্যবিবরনী ও লিফলেটের অনুলিপি। | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| | [১.১.২] পরিচালিত মোবাইল কোর্ট | "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণ | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | পরিচালিত মোবাইল কোর্ট এর তালিকা | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| | [১.১.৩] সম্পাদিত পরিদর্শন | পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রম তদারকির জন্য সম্পাদিত পরিদর্শন | বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক গঠিত পরিদর্শন দল | পরিদর্শন প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [১.২] বহুমুখী পাট পণ্যের বাজার সম্প্রসারণে মেলা আয়োজন/ অংশগ্রহণ | [১.২.১] আয়োজিত মেলা | বহুমুখী পাটপণ্যের বাজার সৃষ্টি এবং রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে পাটপণ্যের মেলা আয়োজন করা হয়। যেখানে উদ্যোক্তাগণ ক্রেতাদের আকৃষ্ট করার জন্য তাদের উৎপাদিত মানসম্পন্ন পণ্য প্রদর্শন করে, ফলে মানুষের সচেতনতা বৃদ্ধি পায় এবং বহুমুখী পাট পণ্য ব্যবহারে উদ্বুদ্ধ হয়। | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | আয়োজিত মেলার তালিকা | বার্ষিক প্রতিবেদন, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| | [১.২.২] অংশগ্রহণকৃত মেলা | বহুমুখী পাটপণ্যের বাজার সৃষ্টি এবং রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে পাটপণ্যের মেলায় অংশগ্রহণ করা। যেখানে উদ্যোক্তাগণ ক্রেতাদের আকৃষ্ট করার জন্য তাদের উৎপাদিত মানসম্পন্ন পণ্য প্রদর্শন করে, ফলে মানুষের সচেতনতা বৃদ্ধি পায় এবং বহুমুখী পাট পণ্য ব্যবহারে উদ্বুদ্ধ হয়। | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | অংশগ্রহণকৃত মেলার তালিকা | বার্ষিক প্রতিবেদন, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [১.৩] রোগ মুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ | [১.৩.১] উৎপাদিত ও বিতরণকৃত রোগ মুক্ত রেশম ডিম | স্প্রসারণ এলাকায় রেশম চাষীদের চাহিদা মোতাবেক রোগ মুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ করা হয়, ফলে চাষীরা সহজে রেশমচাষে উদ্বুদ্ধ হয় | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | সুবিধাভোগী চাষীর তালিকা | বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড |
| [১.৪] তুঁত চারা উৎপাদন ও বিতরণ | [১.৪.১] উৎপাদিত তুঁত চারা | সম্প্রসারণ এলাকায় চাষী পর্যায়ে সরবরাহের নিমিত্তে তুঁতচারা উৎপাদন ও বিতরণ করা হয়। মান সম্পন্ন তুঁত চারা সরবরাহ করার ফলে রেশম চাষের পরিমাণ ও পরিধি বৃদ্ধি পায়। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | সুবিধাভোগী চাষীর তালিকা | বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড |
| [১.৫] রোগমুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ কার্যক্রমের বাস্তবায়নরত প্রকল্পসমূহ মনিটরিং এর উদেশ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.৫.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার | রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ প্রকল্প বাস্তবায়ন গ্রহণ করা হয়েছে। রোগমুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ কার্যক্রমের বাস্তবায়নরত প্রকল্পসমূহ মনিটরিং এর উদেশ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | পরিকল্পনা অনুবিভাগ , পরিকল্পনা অধিশাখা , পরিকল্পনা -২ শাখা | সভার নোটিশ , কার্যবিবরনী ও সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি | বার্ষিক প্রতিবেদন, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৬] পিপিপি'র আওতায় বিটিএমসি'র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া বিট ডকুমেন্টস টেন্ডার আহবানের জন্য চূড়ান্তকরণ | [১.৬.১] বিটিএমসি কর্তৃক খসড়া বিট ডকুমেন্ট পরীক্ষা-নিরীক্ষা করা এবং প্রয়োজনীয় ইনপুট প্রদান করা | প্রস্তুতকৃত খসড়া বিট ডকুমেন্ট অধিকতর নির্ভুলভাবে প্রস্তুত করার লক্ষ্যে পরীক্ষা-নিরীক্ষা করা এবং প্রয়োজনীয় ইনপুট প্রদান করা | মন্ত্রণালয়ের পিপিপি সেল ও বস্ত্র -৩ অধিশাখা | সংশ্লিষ্ট কর্মকর্তার সীল ও স্বাক্ষরযুক্ত প্রতিবেদন | বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন |
| | [১.৬.২] বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং পিপিপি কর্তৃপক্ষের মতামত গ্রহণ | প্রস্তুতকৃত বিট ডকুমেন্টস চূড়ান্তকরণের লক্ষ্যে মতামত গ্রহণ | পিপিপি সেল ও বস্ত্র -৩ অধিশাখা | মতামত গ্রহণের পত্রের কপি | বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] পিপিপি'র আওতায় বিটিএমসি'র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া বিট ডকুমেন্টস টেন্ডার আহবানের জন্য চূড়ান্তকরণ | [১.৬.৩] টেন্ডার আহবান করা | পিপিপি'র আওতায় বিটিএমসি'র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে টেন্ডার আহবান | পিপিপি সেল ও বস্ত্র -৩ অধিশাখা | টেন্ডার আহবানের কপি | বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] তাঁতীদের মাঝে ঋণ বিতরণ কার্যক্রম | [১.৭.১] ঋণপ্রাপ্ত সুবিধাভোগী পুরুষ তাঁতী | বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুসারে পুরুষ তাঁতীদের মাঝে ঋণ বিতরণ কার্যক্রম | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-২ শাখা | পুরুষ তাঁতীদের তালিকা | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| | [১.৭.২] ঋণপ্রাপ্ত প্রান্তিক মহিলা তাঁতী | মুজিব বর্ষ উৎযাপনের অংশ হিসেবে প্রান্তিক মহিলা তাঁতী মাঝে ঋণ বিতরণ কার্যক্রম | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | মহিলা তাঁতীর তালিকা | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| | [১.৭.৩] সম্পাদিত পরিদর্শন | তাঁতীদের মাঝে ঋণ বিতরণ কার্যক্রম পরিদর্শন | বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক গঠিত পরিদর্শন দল | বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক গঠিত পরিদর্শন দলের প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [১.৮] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ কার্যক্রম । | [১.৮.১] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ | পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | উন্নত মানের বীজ সরবরাহের তালিকা | বার্ষিক প্রতিবেদন |
| | [১.৮.২] সম্পাদিত পরিদর্শন | পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে পরিদর্শন করা হবে । | বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক গঠিত পরিদর্শন দল | পরিদর্শন দলের প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [১.৯] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ নির্ধারিত সময়ে সরবরাহ নিশ্চিতকরণে প্রতিবেদন সংগ্রহ । | [১.৯.১] সরবরাহ নিশ্চিতকরণে সংগ্রহকৃত প্রতিবেদন | পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ নির্ধারিত সময়ে সরবরাহ নিশ্চিতকরণে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের নিকট হতে ৩ মাস পরপর অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ করা এবং প্রয়োজনী পরামর্শ প্রদান করা । | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | অগ্রগতি প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [১.১০] তাঁত বোর্ডের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করা লক্ষ্যে বোর্ড সভা তদারকি করা নিমিত্ত ফিডব্যাক প্রদান। | [১.১০.১] প্রেরিত ফিডব্যাক | তাঁত বোর্ডের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করা লক্ষ্যে বোর্ড সভা তদারকি করা নিমিত্ত ফিডব্যাক প্রদান। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | প্রেরিত ফিডব্যাক | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১] কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) প্রদান | [২.১.১] উত্তীর্ণ শিক্ষার্থী | বস্ত্র অধিদপ্তরের অধীনে সাতটি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের প্রত্যেকটিতে ১২০ জন করে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে এবং শেষ সেমিস্টারে মোট ৪৬০ জন শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে। বস্ত্র অধিদপ্তরের অধীনে সাতটি টেক্সটাইল ইনস্টিটিউটসমূহের প্রতিটিতে ১২০ জন করে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে এবং শেষ সেমিস্টারে মোট ৩৬৬ জন শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে। বস্ত্র অধিদপ্তরের অধীনে সারাদেশে ৪২ (বিয়াল্লিশ)টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটসমূহের প্রতিটিতে ১২০ জন করে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে এবং দশম শ্রেণীতে মোট ৬০৩০ জন শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -১ শাখা | উত্তীর্ণ শিক্ষার্থীদের তালিকা | বার্ষিক প্রতিবেদন, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [২.২] রেশম ও তাঁত খাত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি | রেশম ও তাঁত খাত সংশ্লিষ্টদের দের প্রয়োজনীয় পেশাগত জ্ঞান আবশ্যক। সংশ্লিষ্টদের পেশাগত প্রয়োজন ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে তাদের দক্ষতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হবে। উল্লেখ্য যে প্রশিক্ষণার্থীগণের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক মহিলা প্রশিক্ষণার্থী রয়েছে। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | প্রশিক্ষণার্থীগণের তালিকা | বাষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [২.৩] পাট চাষ বৃদ্ধির লক্ষ্য চাষী প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাট চাষী | মুজিব বর্ষ উৎযাপনের অংশ হিসেবে পাট চাষ বৃদ্ধির লক্ষ্যে চাষী প্রশিক্ষণ প্রদান | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | প্রশিক্ষণ প্রাপ্ত পাট চাষীর তালিকা | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [২.৪] প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন | [২.৪.১] সম্পাদিত পরিদর্শন | বস্ত্র , পাট , রেশম ও তাঁত খাত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে , প্রশিক্ষণ কার্যক্রম তদারকির লক্ষ্যে মাঠ পযার্য় পরিদর্শন করা হবে | মন্ত্রণালয়ে গঠিত পরিদর্শন দল | পরিদর্শন প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [২.৫] বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | [২.৫.১] প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তা | বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন জন্য প্রশিক্ষণ প্রদান করা হবে। | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | প্রশিক্ষণাথী তালিকা | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [৩.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান আবেদন নিষ্পত্তি | [৩.১.১] নিষ্পত্তিকৃত আবেদন | পাট ও পাটজাত পণ্যের ব্যবসায়ে বিভিন্ন শ্রেণীর লাইসেন্স প্রদানের মাধ্যমে ব্যবসায়ীদেরকে সহায়তা প্রদান করা হয়। | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | নিষ্পত্তিকৃত আবেদনের তালিকা | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.২] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি | [৩.২.১] নিষ্পত্তিকৃত আবেদন | বস্ত্র আইন, ২০১৮ অনুযায়ী বস্ত্র অধিদপ্তর বস্ত্র শিল্পের পোষক কর্তৃপক্ষের দায়িত্ব পালন করছে। বস্ত্র শিল্প খাতের উন্নয়ন, সম্প্রসারণ ও বিকাশের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তর বায়িং হাউজ ও বস্ত্র শিল্প কারখানার নতুন রেজিষ্ট্রেশন প্রদানসহ বস্ত্র শিল্প কারখানার এডহক আইআরসি, কারখানার ঠিকানা পরিবর্তন, মালিকানা পরিবর্তন, বিনিয়োগ সংশোধন, আমদানিকৃত মেশিনারিজ ছাড়করণের ও আইপি জারিসহ বিভিন্ন বিষয়ে সুপারিশ প্রদান করছে। এসকল সেবা গ্রহণের ক্ষেত্রে বস্ত্র শিল্পের উদ্যোক্তাকে নিজ প্রতিষ্ঠানের প্যাডে এবং নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্যসহ জাতীয় পরিচয় পত্র, ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, সংশ্লিষ্ট ব্যাবসায়িক সংগঠনের সনদ, প্রযোজ্য ফি ইত্যাদিসহ বস্ত্র অধিদপ্তরের "ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে" অথবা অনলাইনে আবেদন জমা দিতে হয়। প্রযোজ্য ক্ষেত্রে স্থানীয় পরিদর্শন প্রতিবেদন ও দাখিলকৃত দলিল পত্রাদি যাচাই করে নাগরিক সনদে বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাশিত সেবা প্রদান করা হয়। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -১ শাখা | নিষ্পত্তিকৃত আবেদন আবেদনের তালিকা | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র পাট মন্ত্রণালয় |
| [৩.৩] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি ফলোআপ করণ। | [৩.৩.১] প্রেরিত ফিডব্যাক | পোষক কর্তৃপক্ষের নির্ধারিত সময়ের মধ্যে আবেদন অনলাইন ও অফলাইনে নিষ্পত্তি তদারকির লক্ষ্যে ৩ মাস পরপর অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ করে প্রয়োজনী ফিডব্যাক প্রদান করা। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-১ শাখা | প্রেরিত ফিডব্যাক | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [৩.৪] বয়নোত্তর সেবার মাধ্যমে তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | [৩.৪.১] উৎপাদনে সহায়তাকৃত তাঁত বস্ত্রের পরিমাণ | বাংলাদেশ তাঁত বোর্ড তাঁতিদেরকে বিভিন্ন তাঁত বস্ত্র উৎপাদন প্রক্রিয়ায় বয়নপূর্ব ও বয়নোত্তর সেবা যথা- ডাইং, স্টেন্টারিং, ক্যালেন্ডারিং, প্রিন্টিং, সিনজিং, মার্সারাইজিং, ইত্যাদি সেবা প্রদান করে থাকে। তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা পাওয়ার পরিপ্রেক্ষিতে তাঁতিরা চাহিদা অনুযায়ী মানসম্মত তাঁত বস্ত্র উৎপাদনে সক্ষম হয়। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | উৎপাদনে সহায়তাকৃত তাঁত বস্ত্রের মাস ভিত্তিক বিবরনী | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [৩.৫] বস্ত্র শিল্প কারখানা (বায়িং হাউজ ও ইটিপিসহ) এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন | [৩.৫.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | বস্ত্র অধিদপ্তরে পোষকের সেবা গ্রহণের উদ্দেশ্যে আগত বস্ত্র শিল্প কারখানা ও বায়িং হাউজ কর্তৃপক্ষের আবেদনের বিষয় বিবেচনা করে কারখানা/শিল্প প্রতিষ্ঠানের বিল্ডিং ফিটনেস, ফায়ার সেফটি, পানি সরবরাহ, পয়:প্রণালী, পরিষ্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি বিষয়াদী সরেজমিনে পরিদর্শনপূর্বক সেবা প্রত্যাশীদের আবেদনকৃত সেবাটি প্রদান করা হচ্ছে। প্রয়োজনবোধে টেক্সটাইল কারখানার ইটিপি প্লান্ট পরিদর্শন করা হচ্ছে। এছাড়া বস্ত্র অধিদপ্তরের চাহিত কাগজপত্রাদি যাচাই-বাছাই করে বায়িং হাউজ পরিদর্শনের মাধ্যমে বায়িং হাউজ নিবন্ধন প্রদান কা হচ্ছে। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -১ শাখা ও মন্ত্রণালয়ে গঠিত পরিদর্শন দল | মাস ভিত্তিক পরিদর্শনের তথ্য | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [৪.১] মসলিনের প্রযুক্তি পুনরুদ্ধারের লক্ষ্যে জি আই গ্রহণে মসলিন কাপড়ের নমুনা দাখিল | [৪.১.১] দাখিলকৃত মসলিন কাপড়ের নমুনা | মসলিনের প্রযুক্তি পুনরুদ্ধারের লক্ষ্যে জি আই গ্রহণে মসলিন কাপড়ের নমুনা সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করা হবে। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | মসলিন কাপড়ের নমুনা সংশ্লিষ্ট দপ্তরে দাখিলের কপি | বার্ষিক প্রতিবেদন ,বস্ত্র ও পাট মন্ত্রণালয় |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.২] বহুমুখী পাট পণ্যে প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক বিষয়ক ওয়ার্কশপ/কর্মশালা আয়োজন | [৪.২.১] আয়োজনকৃত ওয়ার্কশপ/কর্মশালা | বহুমুখী পাট পণ্যে প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক বিষয়ক ওয়ার্কশপ/কর্মশালা আয়োজন করা হবে । | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | ওয়ার্কশপ/কর্মশালা আয়োজনের নোটিশ | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [৪.৩] টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট , টেক্সটাইল ডিপ্লোমা ইনস্টিটিউট ও টেক্সটাইল কলেজ এর জন্য Prototype/ নকশা প্রস্তুত করণ । | [৪.৩.১] প্রস্তুতকৃত Prototype/ নকশা | টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট , টেক্সটাইল ডিপ্লোমা ইনস্টিটিউট ও টেক্সটাইল কলেজ এর জন্য standard protocol/ নকশা প্রস্তুত করা হবে । | প্রকল্প পরিচালক , সংশ্লিষ্ট প্রকল্প | প্রকল্প পরিচালকের প্রতিবেদন ও নকশা | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [৪.৪] গবেষণাগারে ১০০ রোগমুক্ত ডিমে রেশমগুটির উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ। | [৪.৪.১] উৎপাদনশীলতা বৃদ্ধিকৃত (বর্তমান ৭০ হতে ৭৫) | প্রতি ১০০ রোগমুক্ত ডিমে রেশমগুটির উৎপাদনশীলতা ৭০ হতে ৭৫ টিতে বৃদ্ধিকরণ। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-২ শাখা | প্রতি ১০০ রোগমুক্ত ডিমে রেশমগুটির উৎপাদনশীলতার প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [৪.৫] তুঁত জাত উদ্ভাবন | [৪.৫.১] উদ্ভাবিত তুঁতজাত | মালবেরী জার্মপ্লাজম ব্যাংকে সংরক্ষিত তুঁতজাতগুলো উন্নত জাত উদ্ভাবনের লক্ষ্যে ব্যবহার করে নির্বাচন, সংকরায়ন, ইল্ডট্রায়াল, পাতার পুষ্টিমান নির্ধারণ, পলুপালন পরীক্ষণ এবং ফিল্ডট্রায়ালের মাধ্যমে উন্নত তুঁতজাত উদ্ভাবন করা। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | উদ্ভাবিত তুঁতজাত সর্ম্পকিত বিস্তারিত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [৪.৬] রেশমকীট জাত উদ্ভাবন | [৪.৬.১] উদ্ভাবিত রেশমকীট জাত | রেশমকীট জার্মপ্লাজম ব্যাংকে সংরক্ষিত রেশমকীট জাতগুলো উন্নত জাত উদ্ভাবনের লক্ষ্যে ব্যবহার করে নির্বাচন, সংকরায়ন, জেনেটিক ফিক্সেশন এবং ফিল্ডট্রায়ালের মাধ্যমে উন্নত রেশমকীটজাত উদ্ভাবন করা। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-২ শাখা | উদ্ভাবিত তুঁতজাত সর্ম্পকিত বিস্তারিত প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [৫.১] বস্ত্র আইন, ২০১৮ এর চূড়ান্ত বিধিমালা প্রণয়ন | [৫.১.১] প্রণীত চূড়ান্ত বিধিমালা | বস্ত্র আইন, ২০১৮ এর বিধিমালার প্রণয়ন | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-১ শাখা | বস্ত্র আইন, ২০১৮ এর বিধিমালার কপি | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [৫.২] পাট আইন, ২০১৭ এর চূড়ান্ত বিধিমালা প্রণয়ন | [৫.২.১] প্রণীত চূড়ান্ত বিধিমালা | পাট আইন, ২০১৭ এর বিধিমালা প্রণয়ন | পাট অনুবিভাগ , পাট অধিশাখা, পাট-২ শাখা | পাট আইন, ২০১৭ এর বিধিমালা | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| [৫.৩] পাট ও বস্ত্র খাত উন্নয়ন ও সম্প্রসারণে সভা/সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন | [৫.৩.১] আয়োজিত সভা/সেমিনার/ ওয়ার্কশপ | পাট ও বস্ত্র খাত উন্নয়ন ও সম্প্রসারণে সভা/সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন | বস্ত্র অনুবিভাগ ও পাট অনুবিভাগ | ওয়ার্কশপের নোটিশ ও ছবি | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| | [৫.৩.২] আয়োজিত পিপিপি বিষয়ক সভা/সেমিনার/ ওয়ার্কশপ | পিপিপি'র অগ্রগতি বিষয়ক সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন | পিপিপি সেল ও এপিএ টিম | ওয়ার্কশপের নোটিশ ও ছবি | বার্ষিক প্রতিবেদন , বস্ত্র ও পাট মন্ত্রণালয় |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| দপ্তর / সংস্থা | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | উত্তীর্ণ শিক্ষার্থী | ছাত্র/ছাত্রীদের পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশ | বস্ত্র অধিদপ্তর ও বাতাবো নিয়ন্ত্রিত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠান সমুহে যথাসময়ে পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ করার জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান। | যথাসময়ে ফলাফল প্রকাশে বিলম্ব হতে পারে। |
| দপ্তর / সংস্থা | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ | পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ লক্ষ্যে পাট অধিদপ্তরের চাহিদা অনুসারে সময়মত বীজ সরবরাহ | উন্নত মানের বীজ সরবরাহকারী সরকারী প্রতিষ্ঠান হিসেবে বিএডিসি দায়িত্বপ্রাপ্ত | পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | মন্ত্রিপরিষদ বিভাগ | পরিচালিত মোবাইল কোর্ট | মোবাইল কোর্ট পরিচালনা | মোবাইল কোর্ট পরিচালনায় জেলা প্রশাসন এবং পুলিশের সহায়তা প্রয়োজন হয়। | মোবাইল কোর্ট পরিচালনা সম্ভব হবে না। |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| দপ্তর / সংস্থা | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | উত্তীর্ণ শিক্ষার্থী | ছাত্র/ছাত্রীদের পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশ | বস্ত্র অধিদপ্তর ও বাতাবো নিয়ন্ত্রিত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠান সমুহে যথাসময়ে পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ করার জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান। | যথাসময়ে ফলাফল প্রকাশে বিলম্ব হতে পারে। |
| দপ্তর / সংস্থা | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ | পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ লক্ষ্যে পাট অধিদপ্তরের চাহিদা অনুসারে সময়মত বীজ সরবরাহ | উন্নত মানের বীজ সরবরাহকারী সরকারী প্রতিষ্ঠান হিসেবে বিএডিসি দায়িত্বপ্রাপ্ত | পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | মন্ত্রিপরিষদ বিভাগ | পরিচালিত মোবাইল কোর্ট | মোবাইল কোর্ট পরিচালনা | মোবাইল কোর্ট পরিচালনায় জেলা প্রশাসন এবং পুলিশের সহায়তা প্রয়োজন হয়। | মোবাইল কোর্ট পরিচালনা সম্ভব হবে না। |